উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
নভেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস.এম. আলমগীর
প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৬/১১/২০২৪ খ্রি:
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, হাসপাতালের সকল বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। HPV- (Human Papiloma Vaccine) ভ্যাকসিন সরকারের নির্দেশনা ২৮/১১/২৪ তারিখ পর্যন্ত চলবে। ভ্যাকসিন প্রদানের জন্য যে টার্গেট রয়েছে তা এখনো পুরণ হয়নি, প্রতিবেশিদের সচেতন করার মাধ্যমে এই ভ্যাকসিন যাতে সফল এই বিষয়ে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | আলোচনান্তে, HPV- (Human Papiloma Vaccine) প্রদান করার ক্ষেত্রে সকল বিদ্যালয়ের শিক্ষক ও ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এই মাসে এখন পর্যন্ত ১৭০ টি নরমাল ডেলিভারি হয়েছে, ১৫৮ জন নবজাতক কে সেবা দেওয়া হয়েছে। ৫৮৭৫ জন্য সাধারণ রোগিকে সেবা দেওয়া হয়েছে। ৮৬৬৯ জন কিশোর – কিশোরী কে তাদের চাহিদা মতো সেবা দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভবিক রয়েছে। | আলোচনান্তে, সকল প্রকার সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, প্রকৃত কৃষকদের মধ্যে প্রনোদনার কার্যক্রম চলমান রয়েছে। সামনে গম, মুগ ডাল প্রনোদনা দেওয়া হবে। জামালপুর সরিষা চাষের জন্য বিখ্যাত, সরিষার মৌসুমে অনেকে মুধু সংগ্রহের জন্য মৌমাছি নিয়ে আসেন এতে কৃষক এর সরিষার ফলন বৃদ্ধি পায়। ডিসেম্বর মাসে সারের চাহিদা কম কিন্তু জানুয়ারিতে সারের চাহিদা বৃদ্ধি পাবে। সারের যাতে কোন সংকট না হয় এব্যাপারে কৃষি উপসহকরীগণ ডিলার পয়েন্ট পরিদর্শন অব্যাহত রাখবে। | সার সংকট নিরসনে ডিলার পয়েন্টে নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সভায় জানান যে, মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম মেয়াদ শেষ হয়েছে ৩ নভেম্বর তারিখে, তবে ১ নভেম্বর থেকে চলতি বছরের ৩০ জুন পর্যন্ত ৮ মাস নদীতে ১০ ইঞ্চির নিচে জাটকা ইলিশ ধরা, মজুদ ও বাজারজাতে নিষেধাজ্ঞা রয়েছে। সামনে মৎস্য চাষীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, প্রাণি সম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ ইউনিয়ন পর্যায়ে গঠিত পিজি খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি, বরাদ্দ আসলে কার্যক্রম শুরু হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | চলমান কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৭ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাসহ বিভিন্ন ভাতা কার্যক্রম সম্পন্ন হয়। ভাতার প্রতিস্থাপন কাজ এখনো হয়নি। প্রতিস্থাপনের জন্য ইউনিয়ন পরিষদ হতে তালিকাসহ রেজুলেশন প্রেরণ করতে হবে। প্রত্যেক ইউনিয়ন হতে একজন করে ভিক্ষুক পুনর্বাসন করা হবে, এ ব্যাপারে সকল ইউপি চেয়ারম্যনগণের নিকট একজন করে ভিক্ষুক এর তালিকা চাওয়া হয়। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আলোচনান্তে প্রতিস্থাপনের রেজুলেশন ও ভিক্ষুক এর তালিকা প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৫৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্লিপের বরাদ্দ এসেছে। বরাদ্দকৃত টাকা দিয়ে দরিদ্র শিক্ষার্থীদের বিভিন্ন সহযোগিতা করা হয়ে থাকে। আগামি ২/১২/২০২৪ তারিখ হতে তৃতীয় প্রান্তিক পরিক্ষা শুরু হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আলোচনান্তে, স্লিপের বরাদ্দের টাকা বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১। ২০২৩-২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) অক্টোবর/২০২৪ ইং মাসে ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে ২। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের ডিসেম্বর/২০২৪ ইং মাসের প্রতি ইউনিয়নে ০৯টি করে বরাদ্দ পাওয়া গেছে। জুলাই/২০২৪ হতে ডিসেম্বর/২০২৪ প্রতি মাসে মেলান্দহ পৌরসভা ১৮টি ও হাজরাবাড়ী পৌরসভা ০৯ করে বরাদ্দ পাওয়া যায়। কাজগুলো চলমান আছে। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ঋণ বিতরণ চলমান রয়েছে তবে ঋণ আদায় কম হচ্ছে। গত ১/১১/২০২৪ তারিখ যুব উন্নয়ন দিবস পালিত হয়, এই দিবস যথাযথ ভাবে পালিত হওয়াই তিনি সকলকে ধন্যবাদ জানান। | ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, মাহমুদপুর বাজার উন্নয়ন কাজে কিছু লোক বাধা দেওয়ার কারনে কাজ বন্ধ রয়েছে। সঠিক সময়ে কাজ শেষ না হলে আর্থিক জটিলতা তৈরি হতে পারে। আমবাড়ীয়া বাজারে গাছের গুড়ি এখনো সরানো হয়নি। শিহাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পিছনে গাইড ওয়াল নির্মানের কোন বরাদ্দ নেই তবে এডিপি এর মাধ্যমে করা যেতে পারে। | আলোচনান্তে, মাহমুদপুর বাজার এর উন্নয়ন মূলক কাজ শুরু করা ও আমবাড়ীয়া বাজার হতে গাছের গুড়ি সরানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, আদ্রা ইউনিয়নে পল্লী বিদ্যুৎ লাইনের যে সমস্যা ছিল তা সমাধান হয়েছে। ২৫০০ ল্যাট্রিন এর মধ্যে ৯০০টি ল্যাট্রিন এর কাজ শেষ হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় সমবায় দিবস বাংলাদেশ সরকার ঘোষিত একটি জাতীয় দিবস। সমবায় সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সমবায় আন্দোলনের গতিশীলতা আনয়নের জন্য প্রতিবছর নভেম্বর মাসের ১ম শনিবার দিবসটি সারাদেশ ব্যাপী উদযাপন করা করা হয়। আগামী ০২ নভেম্বর ২০২৪ খ্রি: শনিবার সারাদেশের একযোগে ৫৩তম জাতীয় দিবস ২০২৪ উদযাপিত হবে। এই দিবসে তিনি সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | সমবায় দিবস সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কিছু ঋণ গ্রহীতা ঋণ এর কিস্তি পরিশোধ না করার কারনে তাদের বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়ে ছিল, কিছু দিনের মধ্যে ওয়ারেন্ট চলে আসবে এ ব্যাপারে থানা ভারপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতা প্রত্যাশা করেন। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, উপজেলা নার্সারী কেন্দ্রের জন্য উপজেলা প্রাঙ্গনে কমপক্ষে ২০ শতাংশ জায়গা বরাদ্দের আবেদন করা হয়। উপজেলার বিভিন্ন স্থানে অবৈধ ভাবে গড়ে উঠা করাত কল এর মালিকদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং করাত কল লাইসেন্স প্রদানে আবেদনকারীদের সর্বাত্মক সহযোগিতা করার প্রয়োজন। অত্র উপজেলাধীন মালঞ্চ গ্রাম নিবাসী মো: চান মিয়া পিতা-মৃত: ছাবেদ মন্ডল নামে এক ব্যক্তি সম্প্রতি নতুন ১টি করাত কল স্থাপনের জন্য আবেদন করেছেন। তার দাখিলকৃত আবেদন পত্র ও অন্যান্য প্রয়োজিনীয় কাগজ পত্রাদি সঠিক পাওয়া যায় বিধায় নতুন করাত কল স্থাপনের বিষয়ে জেলা মাসিক সমন্বয় সভায় সুপারিশসহ অত্র আবেদনপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অবৈধ ভাবে গড়ে উঠা করাত কল এর মালিকদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা ফরেস্টার |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ডিগ্রি পরিক্ষা চলমান আছে। এসএসসি পরিক্ষার্থীদের টেস্ট পরিক্ষা শেষ এখন ফরম ফিলাপ চলবে। ফরম ফিলাপের নির্ধারিত টাকার বাইরে কোন বিদ্যালয় টাকা গ্রহণ করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, নভেম্বর/২০২৪ মাসে খাদ্যবান্ধব কর্মসূচিতে ২১,৬৪১ জন সুবিধাভোগীর কাছে সরকারি ব্যয়ে পুষ্টি চাল বিতরণ কার্যক্রমের অধীনে সাধারণ চাল ৬৪৯.২৩০ মে.টন ও কার্ণেল ৬.৪৯২ মে.টন সর্বমোট ৬৫৫.৭২২ মে.টন পুষ্টিচাল বিতরণ কার্যক্রম চলমান। ৫ জন ওএমএস ডিলার ও ২ জন খাদ্যবান্ধব ডিলার মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে মেলান্দহ উপজেলায় ২০ জন টিসিবি ডিলারকে চাল সরবরাহ করা হয়। এছাড়া সময়ে সময়ে ওএমএস ডিলারগণের মাধ্যমে চাল ও আটা সাধারণ ভোক্তার মধ্যে সরকার নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। ফায়ার সার্ভিস প্রতি মাসে ১১/২৮ টাকা কেজি দরে চাল ও ৯/২০ টাকা কেজি দরে গম উত্তোলণ করেন। | ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, পরিবর্তিত পরিস্থিতিতে ইউজিডিপির কার্যক্রম নতুন আঙ্গিকে আসছে। নতুন কর্ম কৌশল নির্ধারণে ইউজিডিপির প্রধান কার্যালয়ে কিছু সময় লাগছে। বাস্তবায়িত কাজের মাঠ পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়াসহ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদের কাজসহ প্রশাসনিক কাজে সহযোগিতার করার নির্দেশনা দেওয়া হয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

চলমান পাতা- ০৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএম সভায় জানান যে, বর্তমানে লোডশিডিং নেই, বিভিন্ন সরকারি দপ্তর বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে সভায় সকল দপ্তর প্রধানদের বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | বিবিধ | ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৬ ডিসেম্বর বিজয় দিবস উদযাপনের ব্যয় মিটানোর জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (খ) মোতাবেক ৫০০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলণ করা প্রয়োজন।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মো: আব্বাছ আলী সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর উপজেলা পরিষদ মেলান্দহ তার চাকুরির ১০ বছর পূর্ণ হওয়াই উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন দাখিল করেছেন। তিনি আরোও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা ০১ শাখা এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ তারিখ ২৪ জুলাই ২০২৩ এবং অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ২০ অক্টোবর ২০২২ তারিখের ১১৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭(১) এর আলোকে উপজেরা পরিষদে কর্মরত কর্মচারীদের অনুকূলে ১০ (বছর) পূর্তি সাপেক্ষে উচ্চতর গ্রেড প্রদানের সুযোগ রয়েছে।<br>৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির লাইন মেরামত এর জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (ট) মোতাবেক ২৫০০০/- এবং উপজেলা চেয়ারম্যানের বাসভবন কিছু মেরামত করার জন্য অনুচ্ছেদ ৩(ক) মোতাবেক ২৫০০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা প্রয়োজন। | ১) আলোচনান্তে, ১৬ ডিসেম্বর বিজয় দিবস উদযাপনের ব্যয় মিটানোর জন্য বিধি ৫০০০০/- উত্তোলণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) আলোচনান্তে বিধি মোতাবেক উচ্চতর গ্রেড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপজেলা পরিষদ রাজস্ব তবিল এর বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/১১/২৪

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৪.২৭ তারিখ : ২৬.১১.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ........................................... সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

২৫/১১/২৪

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

## নভেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | ০১৭০১-২৪৮৬৯২ | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393<br>uaomelandah@gmail.com | |
| ০৫ | মো: কামরুজ্জামান<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | ১৭৬৮- ৬৬৫৫৪৪ | |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৬২৪ ২৭০১১৬<br>ulomelandahjamalpur@gmail.com | |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108<br>usso.melandah@gmail.com | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১১১৫৭ ৫৯৭৪৮ | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01716-737587 | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | ue.melendah@lged.gov.bd. | |
| ১৩ | মো: ~~জাকির~~ ইকরাম হোসেন<br>উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01777162258 | |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01716413833 | |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917872355 | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926<br>rashedsiraj67@gmail.com | R Siraj |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717-189658<br>useomelandah@yahoo.com | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01797-457472<br>ucfmelendaha856@gmail.com | |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.udf@gmail.com | |
| ২০ | মো: খোরশেদ আলম<br>ডিজিএম (পল্লী বিদ্যুৎ), মেলান্দহ | | |

## নভেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | 01709970171 | |
| ৩. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | 01712680825 | |
| ৫. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | ০১৯৭৬৯১৮৫৮৮ | |
| ৭. | মো: শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | | |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01320391020 | |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | |
| ১২. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | ০১৯৬৯০৮৭৫৬২ | |
| ১৩. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | | |

উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২৫ তারিখ ঃ ২১.১১.২০২৪

## নোটিশ

আগামী ২৬.১১.২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা প্রশাসক এর অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৬.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৫.১১.২৪ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(এস.এম. আলমগীর)<br>
উপজেলা নির্বাহী অফিসার<br>
ও<br>
মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>
উপজেলা পরিষদ<br>
মেলান্দহ, জামালপুর<br>
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০<br>
E-mail:unomelandah@gmail.com

.....................................................<br>
..................................... সম্মানীত সদস্য<br>
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২৫ তারিখঃ ২১.১১.২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

উপজেলা নির্বাহী অফিসার<br>
উপজেলা পরিষদ<br>
মেলান্দহ, জামালপুর।